নাহ—প্রাধান্যতো যানৃষ আমনন্তি লীলাবতারান্ পুরুষস্য ভূম্নঃ। আপীয়তাং কর্ণ-কষায়শোষানন্তক্রমিষ্যেত ইমান্ সুপেশান্॥ ২৫৪॥

যদ্যপি পূর্ব্বম্, আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্যেত্যাদিগ্রন্থেন পূরুষং কালাদি-তচ্ছক্তিং মনআদি-তৎকার্য্যং ব্রহ্মাদিতদ্গুণাবতারান্ দক্ষাদিতত্তদ্বিভূতীশ্চোক্তবানস্মি, তেন চ স্থষ্ট্যাদিলীলাঃ, তথাপি যান্ হে ঋষে পুরুষস্য ভূম্নো লীলাবতারান্ প্রাধান্যেন আমনন্তি তানেব ইমাম্ মম হৃদয়াধিরূঢ়ান্ কর্ণকষায়শোষাম্ তদিতরশ্রবণরাগহন্তৃন্ কিঞ্চ সুপেশান্ পরমমনোহরান্ অনুক্রমিষ্যে। তদনুক্রমেণ আ সম্যক্ পীয়তাম্॥ ২॥ ৬॥ শ্রীব্রহ্মা নারদম্॥ ২৫৪॥

অধিক কি বলিব, এই শ্রীহরিলীলাকথা শ্রবণের মাহাত্ম্য বর্ণনের জন্য এই শ্রীমহাপুরাণ শ্রীমদ্ভাগবতের আবির্ভাব হইয়াছেন। ১৷৫ অধ্যায়ে মহামুনীন্দ্র শ্রীকৃষ্ণদ্বৈপায়নকে পরম ভাগবত শ্রীনারদ মহাশয় বলিয়াছিলেন – "ভবতানু-দিতপ্রায়ং যশোভগবতোঽমলং" ইত্যাদি শ্লোকে আপনি শ্রীভগবানের বিমল যশ প্রধানরূপে কীর্ত্তন করেন নাই; সেইজন্য চিত্তের প্রসন্নতা লাভ করিতে পারিতেছেন না, অথচ সেই শ্রীভগবানের গুণলীলারূপ নিজ পুরুষকারের দ্বারা বর্ণন করিতে পারিবেন না—যদি সেই গুণরূপলীলা স্বয়ং কৃপা করিয়া হৃদয়ে উদয় না হন্। সেই নাম গুণরূপ লীলার কৃপাতেই বর্ণন করিবার সামর্থ্য লাভ করিবেন। তাই গুণরূপ লীলাদির কৃপা পাইবার জন্য সমাধিস্থ হইয়া শ্রীভগবানের বিচিত্র লীলা স্মরণ করুন।

সেই লীলাও দুই প্রকার। এক জগত স্থষ্ট্যাদিরূপা, অপর লীলাবতার বিনোদরূপা। এই উভয়ের মধ্যে লীলাবতার বিনোদরূপা লীলাই অত্যন্ত প্রশস্তা। এই অভিপ্রায়েই ২৷৬ অধ্যায়ে শ্রীব্রহ্মা নারদকে বলিয়াছেন—হে নারদ! যদ্যপি আমি পূর্ব্বে "আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্য" ইত্যাদি গ্রন্থে পুরুষ এবং কালাদী তাঁহার (শ্রীভগবানের) শক্তি মনঃ প্রভৃতি সেই শক্তিরকার্য্য, ব্রহ্মাদি সেই শ্রীভগবানের গুণাবতার দক্ষ প্রভৃতি সেই শ্রীভগবানের বিভূতি প্রভৃতির কথা বলিয়াছি, অর্থাৎ শ্রীভগবানের স্থষ্ট্যাদি লীলার সংবাদ পূর্ব্বেই বর্ণন করা হইয়াছে। তথাপি হে ঋষিবর! সেই পরম পুরুষের যে সকল লীলাবতার প্রধানভাবে বেদ ও বেদানুগত শাস্ত্রগণ প্রশংসা করিয়া থাকেন, সেই সকল লীলাবতার আমার হৃদয়ে যাহা আবির্ভূত আছেন, তাহা কর্ণ কষায় শোধনকারী অর্থাৎ যে সকল লীলাবতারের কথা শ্রবণ করিলে অন্য কথা শ্রবণের লালসা বিদূরিত হইয়া থাকে এবং যে লীলাবতার চরিত্র পরম মনোহর, তাহাই অনুক্রমে বর্ণন করিতেছি, তুমি সম্যক্রূপে পান কর। ২৫৪।

এবং দুরগমাত্মতত্ত্বনিগমায়েত্যাদৌ বেদস্তুতাবপি তচ্ছ্লাঘা দ্রষ্টব্যা। অতএব প্রথমে